

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
পরিচালকের কার্যালয়  
পিআইইউ, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-II প্রজেক্ট(এনএটিপি-২)  
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।  
www.natp2dae.gov.bd

স্মারক নং: ২৪৯

তারিখ: ০৭/০৫/২০২০খ্রি.


বিষয়: স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক সর্বশেষ জারীকৃত স্বাস্থ্যবিধি মেনে ও সামাজিক দূরত্ব বজায় রেখে প্রশিক্ষণ, মাঠ দিবস সহ অন্যান্য কার্যক্রম বাস্তবায়ন।

সূত্র: ১. ০৭/০৫/২০২০খ্রি. তারিখে কৃষি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এডিপি সভার সিদ্ধান্ত।

সূত্র: ২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকার স্মারক নং-৩৭৯ তারিখ: ২২/০৩/২০২০ খ্রি.

আপনি ইতোমধ্যেই অবগত আছেন যে, চলমান দুর্যোগ পরবর্তী খাদ্য সংকট মোকাবেলায় মাননীয় প্রধানমন্ত্রী ঘোষিত প্রতিশ্রুতি জমির সর্বোত্তম ব্যবহারের মাধ্যমে দেশকে যে কোন ধরনের খাদ্য ঘাটতি থেকে বাঁচাতে অত্র কার্যালয় কৃষি মন্ত্রণালয়ের ও কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের সর্বশেষ নির্দেশনা মোতাবেক স্বাস্থ্য অধিদপ্তরের নির্দেশনা মেনে প্রকল্পের মাঠ কার্যক্রম অব্যাহত রেখে খাদ্য উৎপাদনে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে চলছে।

বর্তমান জরুরী পরিস্থিতিতে প্রকল্পের মাঠ কার্যক্রম বাস্তবায়নে সরাসরি অংশগ্রহণ করে আপনি অগ্রসেনানীর ভূমিকায় অবতীর্ণ হয়েছেন। অত্র কার্যালয় আপনার কার্যক্রমকে যথাযথ স্বীকৃতি প্রদান করছে। এমতাবস্থায়, দ্রুত প্রযুক্তি বিস্তারের মাধ্যমে কৃষি উৎপাদন কার্যক্রম আরো বেগবান করতে মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের স্মারক নং-৩৭৯ তারিখ: ২২/০৩/২০২০ খ্রি. মোতাবেক ছুটিতকৃত প্রশিক্ষণ ও মাঠ দিবস কার্যক্রম অদ্য ০৭/০৫/২০২০খ্রি. তারিখে কৃষি মন্ত্রণালয়ে ভিডিও কনফারেন্সের মাধ্যমে অনুষ্ঠিত এডিপি সভার সিদ্ধান্তক্রমে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক জারীকৃত স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক পুনরায় বাস্তবায়নের অনুমোদন দেয়া হলো। এছাড়াও আপনাকে আপনার অধীক্ষকের সকল সিআইজি কৃষক গ্রুপকে উদ্বুদ্ধকরণের মাধ্যমে তাদের খামার ও গৃহের পতিত জমির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে উৎপাদন বৃদ্ধির একটি বাস্তব পরিকল্পনা তৈরী করে নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে ১৫/০৫/২০২০খ্রি. তারিখের মধ্যে প্রেরণের ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে অনুরোধ করা হলো। উক্ত কাজে আপনাকে প্রকল্প থেকে সম্ভব সকল প্রকার সহায়তা প্রদান করা হবে।

  
(আজহারুল ইসলাম সিদ্দিকী)  
পরিচালক

উপজেলা কৃষি অফিসার (সকল)

পিআইইউ, ডিএই, এনএটিপি-II প্রজেক্ট  
আইডি নং-১৬৯৩

ই-মেইল : azhardae@gmail.com

মোবাইল : ০১৭১৮৯৬৫১৪৯

অনুলিপি (সদয় অবগতি/অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য):

১. মহা পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা-১২১৫।
২. প্রকল্প পরিচালক, পিএমইউ, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম ফেজ-II প্রজেক্ট, কৃষি মন্ত্রণালয়, এআইসি ভবন (চতুর্থ তলা) বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা-১২১৫।
৩. অতিরিক্ত পরিচালক, ----- অঞ্চল,.....।
৪. উপপরিচালক,.....।
৫. উপ পরিচালক (ওমমই), সকল অত্র দপ্তর।
৬. অফিস নথি।